
© TM City of New York

www.nyc.gov/fdny

# নিউ ইয়র্ক সিটির অ্যাপার্টমেন্ট বিল্ডিংগুলির জন্য অগ্নি ও আপৎকালীন প্রস্তুতি বুলেটিন

## 2025-2026

নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্ট (FDNY) এই বার্ষিক বুলেটিনটি প্রস্তুত করেছে। অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের মালিকদের অবশ্যই এই নথিটি বাসিন্দা এবং কর্মীদের মধ্যে বিতরণ করতে হবে। নিজেকে এবং প্রিয়জনদের নিরাপদ রাখতে সাহায্য করার জন্য এই তথ্যটি পড়ুন।



## এই সংখ্যায়

**ব্যাটারি থেকে আগুন লাগা**

লিথিয়াম-আয়ন ব্যাটারি মারাত্মক আগুন লাগার কারণ হতে পারে (পৃষ্ঠা 1-2)।

**আপনার বিল্ডিংয়ে অগ্নি নিরাপত্তা**

আপনার বিল্ডিংয়ের জন্য অগ্নি নিরাপত্তা নির্দেশিকা এবং বিজ্ঞপ্তিগুলির সাথে পরিচিত হোন (পৃষ্ঠা 2-3)।

**গুলি চালানো ব্যক্তির দ্বারা সৃষ্ট আপৎকালীন পরিস্থিতি**

সাধারণ নাগরিকদের কী করা উচিত তা জানুন (পৃষ্ঠা 4)।

## আপনার বাড়িতে থাকা লিথিয়াম-আয়ন ব্যাটারি সম্পর্কে সতর্ক থাকুন!

লিথিয়াম-আয়ন ব্যাটারি হলো রিচার্জেবল ব্যাটারি। এগুলি ইলেকট্রিক বাইক ও স্কুটার, গাড়ি, ল্যাপটপ, ট্যাবলেট, ফোন এবং সাধারণ গৃহস্থালি যন্ত্রপাতিতে পাওয়া যায়।

নিউ ইয়র্ক সিটিতে লিথিয়াম-আয়ন ব্যাটারির আগুনে মৃত্যু, গুরুতর আঘাত এবং সম্পত্তির ব্যাপক ক্ষতি হয়েছে। বেশিরভাগ আগুন লাগে যখন লোকেরা ই-বাইক এবং ই-স্কুটারের মতো ডিভাইসের জন্য অ-প্রত্যয়িত, ক্ষতিগ্রস্ত বা অবৈধভাবে পরিবর্তিত ব্যাটারি ব্যবহার করে। তবে এমনকি প্রত্যয়িত ব্যাটারিও দ্রুত বিপজ্জনক হয়ে উঠতে পারে যদি সেগুলি সঠিক উপায়ে ব্যবহার করা বা চার্জ দেওয়া না হয়।

### কখন আপনার একটি লিথিয়াম-আয়ন ব্যাটারি সম্পর্কে 911 নম্বরে ফোন করা উচিত?

- আপনি যদি কোনো গন্ধ, আকার বা রঙের পরিবর্তন, চুঁইয়ে পড়া বা অদ্ভুত শব্দ লক্ষ্য করেন তাহলে 911 নম্বরে ডায়াল করুন।
- আপনার ব্যাটারিটির ক্ষতি যদি চোখে দেখা যায় বা কোনো অযোগ্য ব্যক্তি এটি মেরামত করে থাকে, তাহলে 911 নম্বরে ডায়াল করুন।

### আপৎকালীন পরিস্থিতিতে আপনি আর কী করতে পারেন?

- অবিলম্বে ব্যাটারিটি ব্যবহার করা বন্ধ করুন।
- যদি নিরাপদ হয়, তাহলে ব্যাটারিটিকে বাইরে নিয়ে যান অথবা আগুন ধরতে পারে এমন যেকোনো বস্তু থেকে ব্যাটারিটিকে দূরে সরিয়ে নিন।

## আপনার বাড়িতে আগুন লাগার ঝুঁকি নেবেন না।



- অ-প্রত্যয়িত, অবৈধ বা আসল কোম্পানির দ্বারা তৈরি নয় এমন লিথিয়াম-আয়ন ব্যাটারি কিনবেন না।
- লিথিয়াম-আয়ন ব্যাটারি তৈরি করা, কোনোকিছু পরিবর্তন করা বা মেরামত করার চেষ্টা করবেন না।
- বাড়তি তার বা পাওয়ার স্ট্রিপ (মাল্টিপ্লাগ বোর্ড)দিয়ে লিথিয়াম-আয়ন ব্যাটারি চার্জ করবেন না।
- আপনার অ্যাপার্টমেন্টে ক্ষতিগ্রস্ত বা মেয়াদোত্তীর্ণ ব্যাটারি রেখে দেবেন না।
- আপনার অ্যাপার্টমেন্টের দরজা বা জানালার পাশে লিথিয়াম-আয়ন ব্যাটারি চার্জ করবেন না, কারণ আগুন আপনার পালানোর পথ বন্ধ করে দিতে পারে।
- আপনার বিছানা বা সোফার উপর বা কাছাকাছি, অথবা পর্দা, কাগজপত্র বা সহজে আগুন ধরে এমন কিছুর কাছাকাছি কোনো ডিভাইস বা ব্যাটারি চার্জ করবেন না।
- আপনার ব্যাটারি সারা রাত বা তত্ত্বাবধান ছাড়া চার্জ করবেন না।

## লিথিয়াম-আয়ন ব্যাটারির সুরক্ষার বিষয়ে সক্রিয় হোন!



- নির্ভরযোগ্য উৎস থেকে ই-বাইক, ই-স্কুটার এবং ব্যাটারি কিনুন। নিশ্চিত করুন যে সেগুলি প্রত্যয়িত (CERTIFIED)।। UL লেবেল দেখুন (UL 2849, 2272, বা 2271)।
- পণ্যগুলির জন্য প্রস্তুতকারকের নির্দেশিকা অনুসরণ করুন। ডিভাইসটির সাথে সরবরাহ করা আসল ব্যাটারি, পাওয়ার অ্যাডাপ্টার এবং পাওয়ার কর্ড অথবা প্রস্তুতকারকের দ্বারা সুপারিশ করা বিকল্প যন্ত্রাংশ ব্যবহার করুন।
- সম্ভব হলে, আপনার ই-বাইক, ই-স্কুটার এবং ব্যাটারি আপনার বিল্ডিংয়ের নির্ধারিত নিরাপদ চার্জিং এলাকায় চার্জ করুন। আপনার বিল্ডিংয়ে বা নিয়োগকর্তাকে জিজ্ঞাসা করুন যে তারা নিরাপদ চার্জিং এবং স্টোরেজ সুবিধা প্রদান করতে পারবে কিনা। অন্যথায়, সম্ভব হলে মাইক্রোমোবিলিটি ডিভাইস এবং ব্যাটারি বাইরে চার্জ করুন এবং সংরক্ষণ করুন। যদি আপনার অ্যাপার্টমেন্টে আপনার ব্যাটারি চার্জ করতেই হয়, তাহলে সতর্ক থাকুন।
- ব্যাটারির কার্যকর আয়ু শেষ হওয়ার পরে নিরাপদে বর্জন করার বিকল্পগুলি সন্ধান করুন।

আপনি যদি একটি পুরানো ব্যাটারি বদলান, তাহলে এটি ক্ষতিগ্রস্ত হয়ে না থাকলেও অবিলম্বে আপনার বাড়ি থেকে বের করে দিন। আপনার এবং অন্যদের সুরক্ষার জন্য, কখনোই লিথিয়াম-আয়ন ব্যাটারি আপনার আবর্জনা বা বিল্ডিংয়ের ডাস্টবিনে ফেলবেন না। এটি বিপজ্জনক! কীভাবে এবং কোথায় নিরাপদে পুরানো ব্যাটারি এবং ডিভাইস জমা দিতে হবে তা দেখতে NYC ডিপার্টমেন্ট অফ স্যানিটেশনের (NYC Department of Sanitation) ওয়েবসাইটে যান।

(https://www.nyc.gov/site/dsny/collection/get-rid-of/batteries.page)

**আপডেটের জন্য DSNY-এরওয়েবসাইট নিয়মিত চেক করতে ভুলবেন না!!**

## আপনার অ্যাপার্টমেন্টে যেকোনো আগুন লাগার ক্ষেত্রে, বাইরে বেরিয়ে যাওয়ার সময় সর্বদা দরজা বন্ধ করুন!

- আগুন লাগার ক্ষেত্রে আপনার অ্যাপার্টমেন্ট ছেড়ে বেরিয়ে যাওয়ার সময় আপনার পিছনে ছেড়ে আসা দরজা বন্ধ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। **কেন?** অ্যাপার্টমেন্ট এবং সিঁড়িরঘরের দরজা বন্ধ থাকলে অ্যাপার্টমেন্টের ভেতরে ধোঁয়া এবং আগুন সীমাবদ্ধ রাখা যায় এবং পাবলিক করিডোরগুলিকে আগুন, তাপ এবং ধোঁয়া থেকে যথেষ্ট সময়ের জন্য মুক্ত রাখা যায় যাতে অন্যরা বাইরে বেরিয়ে আসতে পারে এবং দমকলকর্মীরা ভেতরে ঢুকতে পারে।
- কোনো জরুরি পরিস্থিতির কথা ভেবে অ্যাপার্টমেন্ট ও সিঁড়িঘরের দরজা সব সময় বন্ধ রাখা উচিত।
- আপনার অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের সব সিঁড়িঘরের দরজার করিডোরের পাশের দিকে "দরজা বন্ধ করুন" বিজ্ঞপ্তি লাগানো থাকা উচিত।

**আগুন লাগলে, আপনার পিছনে ছেড়ে আসা সমস্ত দরজা বন্ধ করুন!**
**বিল্ডিংয়ের করিডোর ও সিঁড়িরঘরে আগুন ও ধোঁয়া ঢুকতে দেবেন না**

**অন্য সব সময়ে অ্যাপার্টমেন্ট এবং সিঁড়িরঘরের দরজা বন্ধ রাখুন। আপনার প্রতিবেশী এবং আপনার বাড়ি সুরক্ষিত রাখুন।**



NYC অ্যাডামন কোড §15-135

আগুন লাগলে, আপনার পিছনে ছেড়ে আসা সমস্ত দরজা বন্ধ করুন!
বিল্ডিংয়ের করিডোর ও সিঁড়িরঘরে আগুন ও ধোঁয়া ঢুকতে দেবেন না

অন্য সব সময়ে অ্যাপার্টমেন্ট এবং সিঁড়িরঘরের দরজা বন্ধ রাখুন। আপনার প্রতিবেশী এবং আপনার বাড়ি সুরক্ষিত রাখুন!





NYC অ্যাডমিন কোড §15-135

যদি "দরজা বন্ধ রাখার বিজ্ঞপ্তি" লাগানো না থাকে, তাহলে আপনার বিল্ডিংয়ের মালিক বা ম্যানেজারের সাথে যোগাযোগ করুন, অথবা FDNY-কে FDNY.BusinessSupport@fdny.nyc.gov ঠিকানায় ইমেল করে অথবা 311 নম্বরে ফোন করে জানান (ফায়ার ডিপার্টমেন্টের কাস্টমার সার্ভিস সেন্টারকে ফোন দিতে বলুন)।

## আপনি কি আপনার অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের আপৎকালীন প্রস্তুতি নির্দেশিকা এবং স্থান খালি করার পরিকল্পনার চেকলিস্ট পেয়েছেন?

2024 সালের নিউ ইয়র্ক সিটি অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের আপৎকালীন প্রস্তুতি নির্দেশিকাতে আপনার বিল্ডিং এবং আগুন, ঝড়, বিস্ফোরণ বা অন্যান্য আপৎকালীন পরিস্থিতির সময় কী করতে হবে সে সম্পর্কে তথ্য রয়েছে। আপনি একটি সহায়ক আপৎকালীন প্রস্তুতি/স্থান খালি করার পরিকল্পনার চেকলিস্টও পাবেন।



**NYC অ্যাপার্টমেন্ট বিল্ডিং**
**ব্যক্তিগত আপৎকালীন প্রস্তুতি/স্থান খালি করার পরিকল্পনার চেকলিস্ট**

**ধাপ #1: আপৎকালীন প্রস্তুতি সম্পর্কে নিজেকে শিক্ষিত করে তুলুন**

- আগুন এবং অন্যান্য ধরনের আপৎকালীন পরিস্থিতি সম্পর্কে জানতে এবং সেগুলির জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়, তা জানতে FDNY দ্বারা প্রকাশিত **NYC অ্যাপার্টমেন্ট বিল্ডিং আপৎকালীন প্রস্তুতি নির্দেশিকা** পড়ুন। চুক্তি স্বাক্ষরের সময় এবং প্রতি 3 বছরে একবার বিল্ডিংয়ের মালিক/ম্যানেজারের কাছ থেকে আপনার এই নির্দেশিকাটি পাওয়ার কথা, এবং এটি FDNY ওয়েবসাইটে (http://www1.nyc.gov/site/fdny/codes/fire-department-rules/fire-dept-rules.page) উপলব্ধ আছে।
- আপনার বিল্ডিংয়ের নির্মাণ এবং অগ্নি সুরক্ষা ব্যবস্থা ও নির্গমন পথ সম্পর্কে তথ্যের জন্য নির্দেশিকার সাথে দেওয়া বিল্ডিংয়ের তথ্য পত্র (Building Information Sheet) এবং সেইসাথে বিল্ডিংয়ের মালিক/ম্যানেজারের আপনার অ্যাপার্টমেন্টের প্রবেশ দরজায় যে অগ্নি নিরাপত্তা বিজ্ঞপ্তিটি লাগিয়ে রাখা প্রয়োজন সেটি পর্যালোচনা করুন।
- আপৎকালীন অ্যালার্টের জন্য NYC.gov/notifynyc এ সাইন আপ করুন অথবা Apple/Android ব্যবহারকারীদের জন্য অ্যাপটি ডাউনলোড করুন।

**ধাপ #2: আপনার স্থান খালি করার পরিকল্পনা প্রস্তুত করুন**

- আপনার এবং আপনার পরিবারের জন্য একটি ব্যক্তিগত স্থান খালি করার পরিকল্পনা তৈরি করতে নীচের চেকলিস্টটি পূরণ করুন।
- এই চেকলিস্টে এমনকিছু পদক্ষেপের পরামর্শ দেওয়া আছে, যা আপনি আপৎকালীন পরিস্থিতিতে আপনার বিল্ডিং থেকে বেরিয়ে যাওয়ার প্রস্তুতি হিসেবে আগে থেকেই নিতে পারেন।
- আপনি যদি আপৎকালীন প্রস্তুতি সম্পর্কে নিজেকে শিক্ষিত করে তোলেন এবং একটি আপৎকালীন পরিস্থিতিতে স্থান খালি করার পরিকল্পনা সম্পূর্ণ করেন, তাহলে আপনি আপৎকালীন পরিস্থিতিতে সেরা পদক্ষেপ সম্পর্কে একটি সঠিক সিদ্ধান্ত নিতে প্রস্তুত থাকবেন।

**A. আপনার বিল্ডিং সম্পর্কে জানুন**-*নির্দেশিকার বিভাগ 5 ও 6 এবং আপনার বিল্ডিংয়ের তথ্য পত্র দেখুন*

**বিল্ডিংয়ের নির্মাণ**

☐ অদাহ্য/অগ্নিরোধী
☐ দাহ্য/অগ্নিরোধী নয় *(প্রযোজ্য সবকটিতে টিকচিহ্ন দিন)*:
  ☐ আগুন লাগার ক্ষেত্রে আমার নির্গমনের জানালাটি সহজে খোলে
  ☐ আগুন লাগার ক্ষেত্রে আমার নির্গমনের জানালাটি ভেতর এবং বাইরে থেকে বাধামুক্ত

**উপকূলীয় ঝড়ের সময় যে অঞ্চল থেকে লোকেদের সরিয়ে নেওয়া হয়**

*"NYC.gov/KnowYourZone"-এ আপনার অঞ্চলটি খুঁজুন অথবা 311 নম্বরে (ভিডিও রিলে-এর জন্য 212-639-9675) ফোন করুন*

  ☐ আমার অ্যাপার্টমেন্ট বিল্ডিং এমন অঞ্চলে অবস্থিত নয় যেখান থেকে উপকূলীয় ঝড়ের সময় লোকেদের সরিয়ে নেওয়া হয়
  ☐ আমার অ্যাপার্টমেন্ট বিল্ডিং অঞ্চল #-এ অবস্থিত যেখান থেকে উপকূলীয় ঝড়ের সময় লোকেদের সরিয়ে নেওয়া হয়

স্থান খালি করে দেওয়ার পর আপনি কোথায় থাকবেন?
  ☐ পরিবার ☐ বন্ধু সহকর্মী ☐ হোটেল ☐ আপনি
  কি আপনার পোষা প্রাণীদের সাথে করে আনতে পারবেন?
    ☐ হ্যাঁ ☐ না

*যদি কোনো উপকূলীয় ঝড়ের কারণে স্থান খালি করে দেওয়ার সময় আপনার (এবং আপনার পোষা প্রাণীর) জন্য আশ্রয়ের প্রয়োজন হয়, তাহলে নিকটতম সিটি ইভাকুয়েশন সেন্টার (City Evacuation Center) কোথায় অবস্থিত তা জানতে 311 নম্বরে ফোন করুন*

## আপনার অ্যাপার্টমেন্টের দরজায় কি অগ্নি নিরাপত্তা বিজ্ঞপ্তি লাগানো আছে?

আপনার নিউ ইয়র্ক সিটির অ্যাপার্টমেন্টে প্রধান প্রবেশদ্বারের ভিতরে অবশ্যই একটি অগ্নি নিরাপত্তা বিজ্ঞপ্তি থাকতে হবে। বিল্ডিং নির্মাণের ধরন এবং আগুনের অবস্থানের উপর নির্ভর করে আগুন লাগার ক্ষেত্রে কী করতে হবে সে সম্পর্কে বিজ্ঞপ্তিতে সম্ভাব্য জীবন রক্ষাকারী নির্দেশনা রয়েছে।

| আপনি সহজে আগুন লাগতে পারে (অগ্নিরোধক নয়) এমন বিল্ডিংয়ে থাকেন। | অথবা | আপনি অ-দাহ্য (অগ্নিনিরোধী) বিল্ডিংয়ে বাস করেন। |
|---|---|---|
| অগ্নি নিরাপত্তা সংক্রান্ত বিজ্ঞপ্তি<br><br>আগুন লাগলে, শান্ত থাকুন। FIRE DEPARTMENT-কে জানান এবং FIRE DEPARTMENT কর্মীদের নির্দেশ অনুসরণ করুন। যদি আপনার অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হয়, তাহলে নিম্নলিখিত তথ্যগুলির উপরে নির্ভর করে আপনার বিবেচনা মতে সবথেকে নিরাপদ পদক্ষেপটি গ্রহণ করুন:<br><br>আপনি সহজে আগুন লাগতে পারে (অগ্নিরোধক নয়) এমন বিল্ডিংয়ে থাকেন।<br><br>**যদি আপনার বাসায় আগুন লেগে যায়**<br>• যেখানে আগুন লেগেছে সেই ঘরের দরজা বন্ধ করে বাসা ছেড়ে বেরিয়ে যান। | | অগ্নি নিরাপত্তা সংক্রান্ত বিজ্ঞপ্তি<br><br>আগুন লাগলে, শান্ত থাকুন। FIRE DEPARTMENT-কে জানান এবং FIRE DEPARTMENT কর্মীদের নির্দেশ অনুসরণ করুন। যদি আপনার অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হয়, তাহলে নিম্নলিখিত তথ্যগুলির উপরে নির্ভর করে আপনার বিবেচনা মতে সবথেকে নিরাপদ পদক্ষেপটি গ্রহণ করুন:<br><br>আপনি অ-দাহ্য (অগ্নিনিরোধী) বিল্ডিংয়ে বাস করেন।<br><br>**যদি আপনার বাসায় আগুন লেগে যায়**<br>• যেখানে আগুন লেগেছে সেই ঘরের দরজা বন্ধ করে বাসা ছেড়ে বেরিয়ে যান। |

আপনার বিল্ডিংয়ের মালিক বা ম্যানেজারকে অবশ্যই প্রস্তুতি নির্দেশিকা এবং সঠিক অগ্নি নিরাপত্তা বিজ্ঞপ্তি প্রদান করতে হবে। যদি আপনার অ্যাপার্টমেন্টের দরজার ভেতরে অগ্নি নিরাপত্তা বিজ্ঞপ্তিটি না থাকে, তাহলে আপনার বিল্ডিংয়ের মালিক/ম্যানেজার বা FDNY-এর সাথে যোগাযোগ করুন (FDNY.BusinessSupport@fdny.nyc.gov অথবা 311 নম্বরে ডায়াল করুন)।

# গুলি চালানো ব্যক্তির দ্বারা সৃষ্ট আপৎকালীন পরিস্থিতি

আপনি যদি কোনো গুলি চালানো ব্যক্তি বা সহিংস আক্রমণকারীর কাছাকাছি থাকেন, তাহলে নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (New York City Police Department, NYPD) বেসামরিক নাগরিকদের **"এড়িয়ে চলুন, নিজেকে আড়াল করুন, প্রতিরোধ করুন"** কৌশল ব্যবহার করার পরামর্শ দেয়। নিরাপদ হলে 911 নম্বরে ডায়াল করুন। সতর্ক থাকুন এবং নিচের নিরাপত্তা পদক্ষেপগুলি অনুসরণ করে নিজেকে রক্ষা করার জন্য প্রস্তুত থাকুন।

## এড়িয়ে চলুন



- নিরাপদে সম্ভব হলে, অবিলম্বে বিল্ডিং থেকে বেরিয়ে যান।
- আপনার সাথে কোনো ব্যক্তিগত জিনিসপত্র নিয়ে যাবেন না।
- সম্ভব হলে লিফট এবং এসকেলেটর এড়িয়ে চলুন। সিঁড়ি ব্যবহার করুন।
- সিঁড়ি ব্যবহার করার সময় দেয়ালের ঘেঁষে থাকুন যাতে উদ্ধারকারীরা দ্রুত আপনার পাশ দিয়ে যেতে পারে।

## নিজেকে আড়াল করুন



- যদি আপনি নিরাপদে এলাকাটি ছেড়ে যেতে না পারেন, তাহলে একটি অ্যাপার্টমেন্ট বা অন্য কোনো ঘরে যান এবং দরজা বন্ধ করে দিন এবং সম্ভব হলে তালা লাগিয়ে দিন।
- আক্রমণকারী যাতে সহজে প্রবেশ করতে না পারে সেইজন্য বড়, ভারী জিনিস দিয়ে দরজাটি আটকে দিন। আপনি সোফা, টেবিল, চেয়ার, ড্রয়ারওয়ালা টেবিল ইত্যাদি ব্যবহার করতে পারেন।
- সম্ভব হলে একটি বড়, মজবুত জিনিসের পিছনে লুকান এবং গুলি এড়াতে কোমর স্তরের নিচে থাকার চেষ্টা করুন।
- স্থির এবং শান্ত থাকুন। আলো এবং শব্দের যেকোনো উৎস বন্ধ করে দিন। আপনার ফোন এবং অন্যান্য ডিভাইস সাইলেন্ট মোডে রাখুন, ভাইব্রেট মোডে নয়।
- এমন জিনিস খুঁজুন যা আপনি অস্থায়ী অস্ত্র হিসাবে ব্যবহার করতে পারেন (যেমন কাঁচি, কোট রাখার স্ট্যান্ড, টেবিল বা চেয়ারের পা ইত্যাদি)।

## প্রতিরোধ করুন



- শেষ অবলম্বন হিসেবে, যদি আপনার জীবন তাৎক্ষণিক বিপদে থাকে এবং আপনি পালাতে বা লুকোতে না পারেন, তাহলে প্রতিরোধ করুন।
- আক্রমণকারীর বিরুদ্ধে সরাসরি ব্যবস্থা নিন।
- যথাসম্ভব সবচেয়ে সহিংস উপায়ে বিস্ময়, গতি এবং শক্তি দিয়ে আক্রমণকারীকে পরাভূত করার চেষ্টা করুন। কোনোকিছু পাওয়া গেলে, অস্থায়ী অস্ত্র হিসাবে ব্যবহার করুন।
- আপনি যদি অন্য লোকেদের সাথে থাকেন, তাহলে আক্রমণকারীকে প্রতিহত করার জন্য একসাথে কাজ করার চেষ্টা করুন।

ঘটনার সময় যদি আপনি আইন বলবৎকারী কর্মীদের মুখোমুখি হন, তাহলে মনে রাখবেন যে কর্তব্যরত কর্মকর্তারা আপনার হাতের দিকে মনোযোগ দেবেন। আপনার হাত দুটি বাইরে, খোলা, মাথার উপরে রাখুন এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে, খালি রাখুন।

NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (NYC Emergency Management) সব ধরনের আপৎকালীন পরিস্থিতির জন্য অতিরিক্ত পরামর্শ এবং তথ্য প্রদান করে। আমি কীভাবে একজন সক্রিয় বন্দুকধারীর হাত থেকে বাঁচব? এই তথ্যটি এখানে উপলব্ধ আছে https://plannownyc.cityofnewyork.us/active-shooter/.